# QUARTERLY LABOUR FORCE SURVEY 2023
## BANGLADESH

## ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৩
### ১ম কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ) ২০২৩-এর প্রাপ্ত গুরুত্বপূর্ণ সূচকসমূহের ফলাফল



শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

# শ্রমশক্তি জরিপ

জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে সরকারি পরিসংখ্যান প্রণয়নের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান হলো বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। বিবিএস কর্তৃক পরিচালিত জরিপগুলোর মধ্যে শ্রমশক্তি জরিপ একটি গুরুত্বপূর্ণ জরিপ। এই জরিপটি ১৯৮০ সালে BBS কর্তৃক প্রথম পরিচালিত হয় এবং সেই থেকে ৪-৫ বছরের ব্যবধানে ধারাবাহিকভাবে পরিচালিত হয়ে আসছে। ২০১৫-১৬ সাল হতে এটি ত্রৈমাসিক ভিত্তিতে পরিচালিত হচ্ছে। সর্বশেষ ২০২২ সালে এ জরিপটি অনুষ্ঠিত হয়। আন্তর্জাতিক মানদন্ড অনুসরণ করে CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে এ জরিপ কার্যক্রমটি পরিচালিতি হয়।

শ্রমশক্তি জরিপ-এ  ১৫ ও তদুর্ধ্ব বয়সীদের তথ্য সংগ্রহ করা হয়েছে। দেশব্যাপী ১২৮৪ টি নির্বাচিত নমুনা এলাকায় দৈবচয়নের ভিত্তিতে ২৪টি করে সর্বমোট ৩০,৮১৬টি খানায় (বছরে ১২৩,২৬৪টি খানায়) ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য সংগ্রহ করা হয়। ৬৪টি জেলায় ১০৭ জন (মহিলা ৬৬ জন এবং পুরুষ ৪১ জন) প্রশিক্ষিত তথ্য সংগ্রহকারীগণ কর্তৃক মাঠ পর্যায়ে তথ্য সংগৃহীত হচ্ছে। এ জরিপের প্রাপ্ত উপাত্ত হতে শ্রমশক্তি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সূচকসমূহের অগ্রগতি, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অগ্রগতি নির্ণয়ক সূচক এবং সর্বোপরি জাতীয় শ্রমশক্তির সুষ্ঠু ব্যবহার ও কর্মসংস্থান এবং বেকারত্ব নিরসনে প্রয়োজনীয় নীতি বাস্তবায়ন সম্ভব হবে। শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে লিঙ্গভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন ব্যয়, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা এবং মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত করা হয়। এ জরিপের মাধ্যমে শ্রমবাজারের মৌসুমভিত্তিক তারতম্য সংশ্লিষ্ট তথ্যাদি পাওয়া যায়।

শ্রমশক্তি জরিপটি বাস্তবায়নের জন্য তথ্য সংগ্রহ কার্যক্রম জানুয়ারি-ডিসেম্বর ২০২২, ২০২৩ ও ২০২৪ সাল পর্যন্ত ধারাবাহিকভাবে প্রতি বছর (৩ মাস করে ৪টি কোয়ার্টারে) মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ করা হবে। সাম্প্রতিক সময়ে জানুয়ারি-মার্চ, ২০২৩ এ শ্রমশক্তি জরিপ ২০২৩ এর ১ম কোয়ার্টারে এর তথ্য সংগ্রহ কার্যক্রম যথারীতি সমাপ্ত হয়েছে এবং এরই ভিত্তিতে ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৩ এর গুরুত্বপূর্ণ সূচকের (লিঙ্গভেদে শ্রমশক্তি, কর্মে নিয়োজিত, সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত, বেকারত্বের হার, শ্রমশক্তির বাহিরে অবস্থিত জনগোষ্ঠী, শ্রমশক্তিতে অংশগ্রহণের হার, যুব শ্রমশক্তি) প্রাপ্ত ফলাফল উপস্থাপন করা হচ্ছে। পরবর্তীতে বছরভিত্তিক বিস্তারিত প্রতিবেদনে এ জরিপের প্রাক্কলিত সকল সূচকের পূর্ণাঙ্গ ফলাফল প্রকাশ করা হবে।



## মোট শ্রমশক্তি

| মোট শ্রমশক্তি (মিলিয়ন) | শ্রমশক্তি জরিপ ২০২৩ | শ্রমশক্তি জরিপ ২০২২ | | |
|---|---|---|---|---|
| | ১ম কোয়ার্টার | বছর | ১ম কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| মোট | ৭৩.৬৯ | ৭৩.৪১ | ৭৪.৪৮ | ৭২.৮৯ |
| পুরুষ | ৪৮.২৫ | ৪৭.৪৮ | ৪৮.০০ | ৪৭.০৫ |
| মহিলা | ২৫.৪৪ | ২৫.৯৩ | ২৬.৪৮ | ২৫.৮৪ |

মোট শ্রমশক্তি বলতে ১৫ ও তদুর্ধ্ব বয়সী কর্মে নিয়োজিত এবং বেকার জনগোষ্ঠীর সমষ্টিকে বোঝায়


মোট শ্রমশক্তি= কর্মে নিয়োজিত জনগোষ্ঠী+বেকার জনগোষ্ঠী





## কর্মে নিয়োজিত জনগোষ্ঠী

যারা গত ৭ দিনে কমপক্ষে ১ ঘণ্টা বেতন/মজুরি বা মুনাফার বিনিময়ে অথবা খানার নিজস্ব ভোগের জন্য পণ্য উৎপাদনমূলক কাজ করেছে তারাই মূলত ILO এর গাইডলাইন অনুযায়ী কর্মে নিয়োজিত (Employed) হিসেবে বিবেচিত হন।

| কর্মে নিয়োজিত জনগোষ্ঠী (মিলিয়ন) | শ্রমশক্তি জরিপ ২০২৩ | শ্রমশক্তি জরিপ ২০২২ | | |
|---|---|---|---|---|
| | ১ম কোয়ার্টার | বছর | ১ম কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| মোট | ৭১.১০ | ৭০.৭৮ | ৭১.৫৩ | ৭০.৯১ |
| পুরুষ | ৪৬.৫৪ | ৪৫.৭৯ | ৪৬.৩২ | ৪৫.৭৩ |
| মহিলা | ২৪.৫৬ | ২৪.৯৯ | ২৫.২১ | ২৫.১৮ |






## বেকার জনগোষ্ঠী

বেকার জনগোষ্ঠী মূলত তারাই যারা গত ০৭ দিনে কমপক্ষে ১ ঘন্টাও কোন কাজ করেনি কিন্তু গত ৭ দিনে কাজ করার জন্য প্রস্তুত ছিলেন এবং গত ৩০ দিনে বেতন/মজুরি বা মুনাফার বিনিময়ে কোন না কোন কাজ খুঁজেছেন।

| বেকার জনগোষ্ঠী (মিলিয়ন) | শ্রমশক্তি জরিপ ২০২৩ | শ্রমশক্তি জরিপ ২০২২ | | |
|---|---|---|---|---|
| | ১ম কোয়ার্টার | বছর | ১ম কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| মোট | ২.৫৯ | ২.৬৩ | ২.৯৫ | ২.৩২ |
| পুরুষ | ১.৭১ | ১.৬৯ | ১.৬৮ | ১.৬৬ |
| মহিলা | ০.৮৮ | ০.৯৪ | ১.২৭ | ০.৬৬ |




## বেকারত্বের হার

| বেকারত্বের হার | শ্রমশক্তি জরিপ ২০২৩ | শ্রমশক্তি জরিপ ২০২২ | | |
|---|---|---|---|---|
| | ১ম কোয়ার্টার | বছর | ১ম কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| মোট | ৩.৫১ | ৩.৬ | ৪.০ | ৩.২ |
| পুরুষ | ৩.৫৪ | ৩.৬ | ৩.৫ | ৩.৫ |
| মহিলা | ৩.৪৬ | ৩.৬ | ৪.৮ | ২.৬ |

বেকারত্বের হার= $\frac{\text{বেকার জনগোষ্ঠী}}{\text{মোট শ্রমশক্তি}}$ x ১০০

## শ্রমশক্তির বাহিরে অবস্থিত জনগোষ্ঠী

যারা কর্মে নিয়োজিত নয় অথবা বেকার হিসেবেও বিবেচিত নন তারাই মূলত শ্রমশক্তির বাহিরে জনগোষ্ঠী। যেমন-সাধারণত ছাত্র, অসুস্থ্য, বয়স্ক, কাজ করতে অক্ষম, অবসরপ্রাপ্ত ও গৃহিণীরা বিবেচিত হয়।

| শ্রমশক্তির বাহিরে অবস্থিত জনগোষ্ঠী (মিলিয়ন) | শ্রমশক্তি জরিপ ২০২৩ | শ্রমশক্তি জরিপ ২০২২ | | |
|---|---|---|---|---|
| | ১ম কোয়ার্টার | বছর | ১ম কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| মোট | ৪৬.৩৯ | ৪৬.৯০ | ৪৬.১২ | ৪৬.৭৬ |
| পুরুষ | ১১.১৯ | ১২.০৯ | ১১.৪৪ | ১২.৩০ |
| মহিলা | ৩৫.২০ | ৩৪.৮১ | ৩৪.৬৮ | ৩৪.৪৬ |




## শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার (%)

| শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার | শ্রমশক্তি জরিপ ২০২৩ | শ্রমশক্তি জরিপ ২০২২ | | |
|---|---|---|---|---|
| | ১ম কোয়ার্টার | বছর | ১ম কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| মোট | ৬১.৩৭ | ৬১.০০ | ৬১.৭৬ | ৬০.৯১ |
| পুরুষ | ৮১.১৭ | ৭৯.৭১ | ৮০.৭৪ | ৭৯.২৬ |
| মহিলা | ৪১.৯৫ | ৪২.৬৭ | ৪৩.৩০ | ৪২.৮৫ |

$$\text{শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার} = \frac{\text{মোট শ্রমশক্তি}}{\text{১৫ ও তদুর্ধ্ব বয়সী মোট জনসংখ্যা}} \times ১০০$$

* ১৫ ও তদুর্ধ্ব বয়সী মোট জনসংখ্যা ১২০.০৮ মিলিয়ন (১ম কোয়ার্টার ২০২৩ অনুযায়ী)




## যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর বয়সী)

পুরুষ ১৪.০৩ (মিলিয়ন)
মহিলা ১৩.৩৫ (মিলিয়ন)



মোট ২৭.৩৮ (মিলিয়ন)

| যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর বয়সী) (মিলিয়ন) | শ্রমশক্তি জরিপ ২০২৩ | শ্রমশক্তি জরিপ ২০২২ | | |
|---|---|---|---|---|
| | ১ম কোয়ার্টার | বছর | ১ম কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| মোট | ২৭.৩৮ | ২৬.৮২ | ২৭.৮৭ | ২৬.০৫ |
| পুরুষ | ১৪.০৩ | ১৩.৫১ | ১৪.১৮ | ১৩.০৭ |
| মহিলা | ১৩.৩৫ | ১৩.৩১ | ১৩.৬৯ | ১২.৯৮ |

# সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী (মিলিয়ন)

| সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী (মিলিয়ন) | শ্রমশক্তি জরিপ ২০২৩ | শ্রমশক্তি জরিপ ২০২২ | | |
|---|---|---|---|---|
| | ১ম কোয়ার্টার | বছর | ১ম কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| মোট | ৭১.১০ | ৭০.৭৮ | ৭১.৫৩ | ৭০.৯১ |
| কৃষি | ৩১.৯৪ | ৩২.২০ | ৩২.০৮ | ৩২.৩০ |
| শিল্প | ১২.২৫ | ১২.০৫ | ১২.৩০ | ১২.০১ |
| সেবা | ২৬.৯১ | ২৬.৫৩ | ২৮.৩৮ | ২৫.৬০ |

সেবা




২৬.৯১ (মিলিয়ন)

শিল্প




১২.২৫ (মিলিয়ন)

কৃষি




৩১.৯৪ (মিলিয়ন)

## সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠীর হার (%)




## এক নজরে মোট শ্রমশক্তি




# ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৩

QUARTERLY
**LABOUR FORCE SURVEY 2023**
BANGLADESH

শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ আগারগাঁও, ঢাকা
www.bbs.gov.bd